



পিআইবি'র ইনোভেশন টিম এর ০২.০৫.২০১৯ তারিখ সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিম এর একটি সভা ০২.০৫.২০১৯ তারিখ সকাল ১১.০০ টায় ইনোভেশন অফিসার ও পরিচালক (প্রশাসন) জনাব মো. ইলিয়াস ভূইয়া-এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্নরূপঃ

ক্র.নং	নাম ও পদবী	কমিটির পদবী
১.	মোহাম্মদ আব্দুল মান্নান, প্রশিক্ষক	সদস্য
২.	ড. কামরুল হক, রিসার্চ অফিসার	সদস্য
৩.	মো. জাকির হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব	সদস্য
৪.	মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব	সদস্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা জানান, পিআইবি'র উদ্ভাবন কর্মপরিকল্পনার ক্রম নং ৬.১ অনুযায়ী গত ০৯ এপ্রিল ২০১৯ খ্রি. তারিখে তথ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ বেতার ইনোভেশন শৌকেসিং-এর আয়োজন করে। এতে পিআইবি'র প্রদর্শনযোগ্য কার্যক্রম হিসেবে “অনলাইন সার্টিফিকেট কোর্স অন জার্নালিজম” বিষয়টি শৌকেস করা হয়েছে। উক্ত ইনোভেশন শৌকেসিং-এ সহকারী প্রশিক্ষক জনাব নাসিমুল আহসান, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা ও সহকারী সমন্বয়কারী জনাব শাহ পরান হক অংশগ্রহণ করেন। সার্বিকভাবে ইনোভেশন শৌকেসিং-এ পিআইবি'র কার্যক্রম প্রশংসিত হয়েছে।

গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পিআইবি'র মোবাইল অ্যাপ্লিকেশন তৈরির বিষয়ে অগ্রগতি জানার জন্য আইসিটি বিভাগে পত্র দেয়া হয়েছে।

কর্মপরিকল্পনার ক্রম নং ১৬.১.১, ১৬.২.১ অনুযায়ী গত ১৪.০১.২০১৯ তারিখে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া ইতিপূর্বে কর্মপরিকল্পনার ক্রম নং ১.১.১, ১.১.২, ১.৩.১ অনুযায়ী নির্ধারিত সময়ে পিআইবি'র উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন করা হয়েছে ও তা মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে।

পরিশেষে নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবন কার্যক্রম সম্পাদনের জন্য ইনোভেশন অফিসার সকলের সহযোগিতা কামনা করেন এবং আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ইলিয়াস ভূইয়া)
ইনোভেশন অফিসার
ও
পরিচালক (প্রশাসন)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. মোহাম্মদ আব্দুল মান্নান, প্রশিক্ষক, পিআইবি, ঢাকা।
২. ড. কামরুল হক, রিসার্চ অফিসার, পিআইবি, ঢাকা।
৩. জনাব মো. জাকির হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব, পিআইবি, ঢাকা।
৪. জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অ.দা), পিআইবি, ঢাকা।
৫. অফিস কপি।